

ভারত-চিন সীমান্ত বিষয়ে পরামর্শ ও সমন্বয়ের কার্যকরী ব্যবস্থাপনার বৈঠক

১৬-১৭ অক্টোবর ২০১৪ ভারত-চিন সীমান্ত বিষয়ে পরামর্শ ও সমন্বয়ের কার্যকরী ব্যবস্থাপনার বৈঠক নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন পররাষ্ট্রমন্ত্রকের যুগ্ম সচিব(পূর্ব এশিয়া) শ্রী প্রদীপ কুমার রাউত। পররাষ্ট্রমন্ত্রক,প্রতিরক্ষামন্ত্রক ও স্বরাষ্ট্রমন্ত্রকের প্রতিনিধি সহ ভারতীয় সেনাবাহিনী ও ইন্দো-তিবেত সীমান্ত পুলিশ বাহিনীর সদস্যরা ভারতীয় প্রতিনিধিদলে ছিলেন। চিনা প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বিদেশমন্ত্রকের সীমান্ত ও সামুদ্রিক বিভাগের ডিরেকটর জেনারেল মিঃ কোয়াং ইউজিং। বিদেশ ও জাতীয় প্রতিরক্ষা মন্ত্রকের প্রতিনিধিরা চিনের প্রতিনিধিদলে ছিলেন।

আলোচনাটি হয় অত্যন্ত খোলামনে এবং গঠনমূলক ভাবে। সীমান্তের পশ্চিম ফ্রেণ্ডের সাম্প্রতিক বিবাদের সফল নিষ্পত্তির পরে উভয়পক্ষ সীমান্তে শান্তি ও স্থিতিবস্থা রক্ষণাবেক্ষণের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। উভয়পক্ষ বিভিন্ন ধরনের অতিরিক্ত আস্থাবর্ধক ব্যবস্থা গ্রহণে সহমত হন এবং সেই সব ব্যবস্থা দ্রুত বাস্তবায়নে একমত হন। অন্যান্য বিষয়ের মধ্যে রয়েছে উভয় দেশের সেনাবাহিনীর সদর দপ্তর ও ফিল্ড কমান্ডারদের মধ্যে নিয়মিত বার্তালাপ,অতিরিক্ত সীমান্ত বৈঠক পয়েন্ট চিহ্নিত করা,পারস্পরিক সহমতের ভিত্তিতে চিহ্নিত স্থানের উভয় পক্ষের অগ্রণী পোস্টের মধ্যে টেলিযোগাযোগ স্থাপন। এই ব্যবস্থাপনাগুলি সীমান্তে উদ্ভূত পরিস্থিতির সময়মতো এবং কার্যকরী ব্যবস্থাগ্রহণে সক্ষম হবে বলে আশা করা যায়।

উভয়পক্ষ এই ব্যবস্থাপনার গুরুত্বে স্বীকৃতি দেন এবং সীমান্ত বিষয়ের পরিচালনায় এই ব্যবস্থাপনা প্রধান উপায় হয়ে উঠবে।

কার্যকরী ব্যবস্থাপনার পরবর্তী বৈঠক পারস্পরিকভাবে স্থিরকৃত সময়ে অনুষ্ঠিত হবে।

নয়াদিল্লি

১৭ অক্টোবর ২০১৪